A.O. প্রচারের ব্যবস্থা নিন

উপজেলা নির্বাহী অফিসার
ফেনী সদর, ফেনী

**অতীব জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ সুপারের কার্যালয়
বারাহীপুর কোর্ট বিল্ডিং এলাকা, ফেনী-৩৯০০

স্মারক নং- ২০৪ /(আরও) তারিখ- ২৫ /০১/২০২৪ খ্রি.।

প্রতি

১) অফিসার ইনচার্জ, ফেনী মডেল/ফুলগাজী/দাগনভূঞা/সোনাগাজী মডেল/ছাগলনাইয়া/পরশুরাম মডেল থানা, ফেনী।
২) ইনচার্জ, শহর পুলিশ ফাঁড়ী/ঘোপাল/বোগদাদিয়া/আদর্শগ্রাম তদন্ত কেন্দ্র, ফেনী।

বিষয় ঃ **বাংলাদেশ পুলিশে ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) পদে নিয়োগ বিজ্ঞপ্তি ব্যাপকভাবে প্রচারের নিমিত্তে প্রেরণ প্রসংগে।**

সূত্র ঃ পুলিশ হেডকোয়ার্টার্স ঢাকার স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০২.০১১.২৪/৭৮(৭৩),তারিখ-২১/০১/২০২৪খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২২/০২/২০২৪খ্রি. সকাল ০৭.০০ ঘটিকার সময় ফেনী পুলিশ লাইন্স মাঠে জেলার সাধারন কোটা/মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান কোটা/পুলিশ পোষ্য কোটা/আনসার ও ভিডিপি কোটা/এতিম কোটা/উপ-জাতীয় কোটায় ট্রেইনি রিক্রুট কনস্টেবল(টিআরসি) পদে লোক নিয়োগের লক্ষ্যে শারীরিক মাপ ও শারীরিক পরীক্ষা গ্রহণ করা হবে। শুধুমাত্র অন-লাইনে আবেদনকারীদের মধ্যে যাদের নামে প্রবেশপত্র ইস্যু করা হয়েছে সে সকল প্রার্থীদের নিম্ন-বর্ণিত কাগজপত্রসহ ধার্য তারিখ ও সময়ে পুলিশ লাইন্স, ফেনী উপস্থিত থাকার নিমিত্তে সকল থানা এলাকার হাট-বাজারে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, শারীরিক মাপ ও কাগজপত্র যাচাই পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের দ্বিতীয় দিন ২৩/০২/২০২৪খ্রি. সকাল ০৭.০০ ঘটিকায় ২০০ মিটার দৌড়, পুশ আপ, লং জাম্প, হাই জাম্প পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের তৃতীয় দিন ২৪/০২/২০২৩খ্রি. সকাল ০৭.০০ ঘটিকায় ১৬০০/১০০০ মিটার দৌড়, ড্রাগিং ১৫০ পাউন্ড/৩০ফুট পর্যন্ত এবং ১১০ পাউন্ড/২০ ফুট পর্যন্ত, রোপ ক্লাইমিং পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের আগামী ১৬/০৩/২০২৪খ্রি. সকাল ১০.০০ ঘটিকায় লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের ২৩/০৩/২০২৪খ্রি. সকাল ১০.০০ ঘটিকায় মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১। **প্রার্থীদের যোগ্যতা ঃ**

ক. ০৭/০২/২০২৪খ্রি. বয়স ঃ

১) জেলা সাধারন কোটা ও অন্যান্য কোটার প্রার্থীদের ক্ষেত্রে ০৭ফেব্রুয়ারী ২০২৪খ্রি. ১৮ হতে ২০ বৎসর (জন্ম তারিখ সর্বনিম্ন ০৭/০২/২০০৪খ্রি. হতে সর্বোচ্চ ০৭/০২/২০২৪ পর্যন্ত) হতে হবে।

২) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদের ক্ষেত্রে ০৭ ফেব্রুয়ারী ২০২৪খ্রি. ১৮ হতে ৩২ বৎসর (জন্ম তারিখ সর্বনিম্ন ০৭/০২/১৯৯২খ্রি. হতে সর্বোচ্চ ০৭/০২/২০০৬খ্রি. পর্যন্ত) হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের সন্তানের ক্ষেত্রে ১৮ হতে ২০ বৎসর (জন্ম তারিখ সর্বনিম্ন ০৭/০২/২০০৪খ্রি. হতে সর্বোচ্চ ০৭/০২/২০২৪খ্রি. পর্যন্ত) হতে হবে। উল্লেখ্য এসএসসি/সমমানের সার্টিফিকেটে উল্লিখিত জন্ম তারিখই চূড়ান্ত বলে গণ্য হবে। বয়স গণনার ক্ষেত্রে কোনো অ্যাফিডেভিট বা হলফনামা গ্রহনযোগ্য হবে না।

৩) পুলিশ পোষ্য কোটা(প্রমার্জনা) ক্ষেত্রে: ০৭/০২/২০০২ হতে ০৭/০২/২০২৪খ্রি. পর্যন্ত।

খ শিক্ষাগত যোগ্যতা ঃ এসএসসি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।(কমপক্ষে জিপিএ ২.৫/সমমান)

গ. জাতীয়তা ঃ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে এবং যে জেলার স্থায়ী বাসিন্দা সেই জেলাতেই ট্রেইনি রিক্রুট কনস্টেবল(টিআরসি) পদে নিয়োগের জন্য উপস্থিত হতে হবে।

ঘ. বৈবাহিক অবস্থা ঃ প্রার্থীকে অবশ্যই অবিবাহিত হতে হবে (তালাকপ্রাপ্ত/তালাকপ্রাপ্তা নয়)।

ঙ. শারীরিক মাপ ঃ

(অ) **সাধারন ও অন্যান্য কোটা(পুরুষ) ঃ** উচ্চতা কমপক্ষে ৫ ফুট ৬´ ইঞ্চি বা ১.৬৭৬৪ মিটার এবং বুক স্বাভাবিক অবস্থায় ৩১ ইঞ্চি বা ০.৭৮৭৪ মিটার এবং সম্প্রসারিত অবস্থায় ৩৩ ইঞ্চি বা ০.৮৩৮২ মিটার হতে হবে।

(আ) **মুক্তিযোদ্ধা কোটা(পুরুষ) ঃ** শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান (পুরুষ) প্রার্থীদের উচ্চতা কমপক্ষে ৫ ফুট ৪´ ইঞ্চি বা ১.৬২৫৬ মিটার এবং এবং বুক স্বাভাবিক অবস্থায় ৩০ ইঞ্চি বা ০.৭৬২০ মিটার এবং সম্প্রসারিত অবস্থায় ৩১ ইঞ্চি বা ০.৭৮৭৪ মিটার হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের সন্তানের ক্ষেত্রে সাধারণ ও অন্যান্য কোটার পুরুষ প্রার্থীদের উচ্চতা ও বুকের মাপের শর্ত প্রযোজ্য হবে।

(ই) **ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা(পুরুষ) ঃ** সকল কোটা উচ্চতা কমপক্ষে ৫ ফুট ৪´ ইঞ্চি বা ১.৬২৫৬ মিটার এবং বুক স্বাভাবিক অবস্থায় ৩১ ইঞ্চি বা ০.৭৮৭৪ মিটার এবং সম্প্রসারিত অবস্থায় ৩৩ ইঞ্চি বা ০.৮৩৮২ মিটার হতে হবে।

(ঈ) নারী প্রার্থী(সাধারন ও অন্যান্য কোটা) উচ্চতা কমপক্ষে ৫ ফুট ৪´ ইঞ্চি হতে হবে।

(উ) **ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও মুক্তিযোদ্ধা কোটা(নারী) ঃ** উচ্চতা কমপক্ষে ৫ ফুট ২´ ইঞ্চি হতে হবে।

(ঊ) ওজন ঃ বয়স ও উচ্চতার সাথে ওজন অনুমোদিত পরিমাপের হতে হবে।

২। **শারীরিক মাপ ও শারীরিক পরীক্ষায় অংশগ্রহণকালে প্রার্থীদের নিম্নবর্ণিত কাগজপত্রাদি সঙ্গে আনতে হবে ঃ**

- Admit Card for physical Endurance Test এর ডাউনলোডকৃত প্রিন্ট কপি(০২ কপি)
- শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/সাময়িক সনদপত্রের মূল কপি(এসএসসি/সমমান পরীক্ষার)।
- সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি।

CamScanner

- জেলার স্থায়ী বাসিন্দা/জাতীয়তার প্রমাণ স্বরূপ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর(যা প্রযোজ্য) এর নিকট হতে স্থায়ী নাগরিকত্বের সনদপত্রের মূল কপি।
- প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের মূল কপি(যদি প্রার্থীর জাতীয় পরিচয়পত্র না থাকে সে ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের মূল কপি)।
- আইনানুগ অভিভাবক কর্তৃক প্রদত্ত সম্মতিপত্র;
- সরকারি গেজেটের কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৩(তিন) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
- **মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে প্রমাণক স্বরূপ ঃ** সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম লাল মুক্তিবার্তায় থাকলে লাল মুক্তিবার্তার সত্যায়িত অনুলিপি;/মুক্তিযোদ্ধার নাম ভারতীয় তালিকায় অন্তর্ভূক্ত থাকলে ভারতীয় তালিকার সত্যায়িত অনুলিপি;/সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নামের জারীকৃত গেজেট এর মূল কপি;
- **মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের ক্ষেত্রে :** ১ম শ্রেণির ম্যাজিস্ট্রেট-এর নিকট সম্পাদিত অ্যাফিডেভিট অথবা বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত সাকসেশন সার্টিফিকেট এবং প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ঔরসজাত পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রের মূল কপি।
- কনস্টেবল হতে সর্বোচ্চ সাব-ইন্সপেক্টর/সার্জেন্ট/টিএসআই পদমর্যাদার পুলিশ কর্মকর্তার সন্তানগণের পুলিশ পোষ্য কোটার প্রাধিকার প্রাপ্তির ক্ষেত্রে পিতা/মাতা নাম, পদবি (বিপি নম্বরসহ) উল্লেখ পূর্বক কর্মরত জেলা/ইউনিটের প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্রের মূল কপি (যদি পুলিশ পোষ্য কোটার কোনো প্রার্থীর পিতা/মাতা অবসর/মৃত্যুবরণ করে থাকেন,তা হলে উক্ত প্রার্থীর পিতা/মাতার সর্বশেষ কর্মস্থলের ইউনিট প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রের মূল কপি);। পুলিশ কর্মকর্তা/ সদস্যদের সন্তানের বয়স, উচ্চতা এবং বুকের মাপ প্রমার্জনের ক্ষেত্রে পুলিশ হেডকোয়ার্টার্স ঢাকা হতে প্রেরিত পত্র;
- আনসার ও ভিডিপি কোটার প্রার্থীদের জন্য ৭০(সত্তর) দিন মেয়াদি মৌলিক প্রশিক্ষণে অংশ গ্রহণের সনপত্রের মূল কপি;
- এতিম কোটার প্রার্থীদের ক্ষেত্রে সরকারি ও সরকারি নিবন্ধনপ্রাপ্ত এতিমখানার প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/ প্রশংসাপত্র-এর মূল কপি(প্রত্যয়নপত্র/প্রশংসাপত্রে প্রার্থী এতিম মর্মে ঘোষনা থাকতে হবে এবং প্রার্থীর পূর্বকালীন স্থায়ী ঠিকানা এবং এতিমখানা নিবাসের নিবন্ধনকৃত ব্যক্তিগত নম্বরও উল্লেখ থাকতে হবে;
- ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার প্রার্থীদের ক্ষেত্রে প্রমানক স্বরূপ তাদের রাজা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রধান অথবা জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূল কপি;
- সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে আবশ্যিকভাবে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র।

৩। <u>পরীক্ষা পদ্ধতি</u> ঃ

ক. **শারীরিক মাপ ও Physical Endurance Test পরীক্ষা ঃ** অনলাইনে আবেদনকারীদের Preliminary Screening-এ বাছাইকৃত প্রার্থীদের বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত তারিখ,সময় ও স্থানে শারীরিক মাপ ও Physical Endurance Test দৌড় ২০০মিটার, পুশ-আপ, লং জাম্প, হাইজাম্প, দৌড় ১৬০০/১০০০ মিটার, ড্রাগিং এবং রোপ ক্লাইমিং) পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

খ. **লিখিত পরীক্ষা ঃ** শারীরিক মাপ ও Physical Endurance Test পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে বাংলা,ইংরেজী,সাধারণ গনিত ও সাধারণ বিজ্ঞানের উপর মোট ৪৫ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এক্ষেত্রে উত্তীর্ন প্রার্থীদের শারীরিক মাপ,কাগজপত্র যাচাই ও Physical Endurance Test –এর ফলাফল প্রকাশের ৪৮ ঘন্টার মধ্যে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর হতে ধাপ অনুসরণ করত লিখিত পরীক্ষার ফ্রি বাবদ ১২০/-(একশত বিশ)টাকা জমা করে লিখিত পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

গ. **মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষা ঃ** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে ১৫ নম্বরের মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহন করতে হবে।

৪। <u>কোটা পদ্ধতি</u> ঃ প্রার্থী নির্বাচনে সরকার কর্তৃক জারীকৃত বিদ্যমান কোটা পদ্ধতি (সাধারণ,মুক্তিযোদ্ধা,আনসার ও ভিডিপি, এতিম, পোষ্য এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ইত্যাদি কোটা) অনুসরণ করা হবে।

৫। <u>নির্বাচন পদ্ধতি</u> ঃ

ক. প্রতি জেলায় নিয়োগযোগ্য প্রকৃত শূন্য পদে কোটার অনুকূলে লিখিত,মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী প্রার্থীদের প্রাথমিকভাবে নির্বাচিত করা হবে;

খ. পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক ও স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য বিবেচিত হলে প্রশিক্ষণের জন্য প্রাথমিকভাবে মনোনীত করা হবে। উল্লেখ্য, পুলিশ ভেরিফিকেশন ফরমে কোনো তথ্য গোপন অথবা মিথ্যা প্রদান করা হলে চূড়ান্ত প্রশিক্ষণের জন্য মনোনয়ন প্রদান করা হবে না;

গ. প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদেরকে প্রশিক্ষন কেন্দ্রে যোগদানের পর পুলিশ হেডকোয়ার্টার্সের প্রতিনিধির সমন্বয়ে গঠিত পুর্নবাছাই কমিটি কর্তৃক শারীরিক যোগ্যতাসহ অন্যান্য তথ্যাদি যাচাইয়ের পর চূড়ান্তভাবে প্রশিক্ষণে অন্তর্ভূক্ত করা হবে।

৬। <u>প্রশিক্ষণ</u> ঃ পুলিশ হেডকোয়ার্টার্সের প্রতিনিধির সমন্বয়ে গঠিত পুর্নবাছাই কমিটি কর্তৃক চূড়ান্ত বাছাইকালে যোগ্য বিবেচিত প্রার্থীগণকে নির্ধারিত প্রশিক্ষণকেন্দ্রে ট্রেইনি রিক্রুট কনস্টেবল(টিআরসি) হিসেবে ০৬(ছয়) মাস মেয়াদি মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।

৭। <u>প্রশিক্ষনকালীন সুযোগ সুবিধা</u> ঃ

ক. ট্রেইনি রিক্রুট কনস্টেবল(টিআরসি) প্রশিক্ষণার্থী হিসেবে প্রশিক্ষণকালীন বিনামূল্যে পোশাক সামগ্রীসহ থাকা-খাওয়া ও চিকিৎসা সুবিধা প্রাপ্য হবে;

খ. প্রশিক্ষণকালীন সরকারি বিধি মোতাবেক প্রতি মাসে প্রশিক্ষন ভাতা প্রাপ্য হবে।

৮। <u>নিয়োগ ও চাকরির সুবিধাদি</u> ঃ

ক. সাফল্যের সাথে প্রশিক্ষন সমাপ্তির পর ২০১৫ সনের জাতীয় বেতন স্কেলের ১৭তম গ্রেড : ৯০০০-২১৮০০টাকা এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য বেতন-ভাতাদিসহ পুলিশে কনস্টেবল পদে নিয়োগ প্রদান করা হবে;

খ. নিয়োগ প্রাপ্তদেরকে যে কোন জেলা/ইউনিটের শূন্য পদের বিপরীতে বদলী করা হলে, তারা উক্ত জেলা/ইউনিটে কনস্টেবলের শূন্য পদে যোগদান করতে বাধ্য থাকবে;

গ. ট্রেইনি রিক্রুট কনস্টেবল(টিআরসি) পদে নির্বাচিত প্রার্থীর মৌলিক প্রশিক্ষণ সফলভাবে সমাপনান্তে জেলা/ইউনিটে যোগদানের তারিখ হতে সংশ্লিষ্ট জেলা/ইউনিট প্রধান কর্তৃক তার শিক্ষানবিশকাল ঘোষনা করা হবে। শিক্ষানবিশ ঘোষণার

CS CamScanner

তারিখ হতে দুই বছর সন্তোষজনক চাকরি পূর্ণ হলে সংশ্লিষ্ট জেলা/ইউনিটে প্রধান বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক তাকে কনস্টেবল পদে স্থায়ী করা হবে;

ঘ. বিনামূল্যে পোশাক সামগ্রী, ঝুঁকি ভাতা, চিকিৎসা সুবিধা এবং নিজ ও পারিবারের নির্ধারিত সংখ্যক সদস্যদের জন্য প্রাপ্যতা অনুযায়ী পারিবারিক রেশন সামগ্রী স্বল্প মূল্যে প্রাপ্য হবে; এবং

ঙ. প্রচলিত নিয়মানুযায়ী উচ্চতর পদে পদোন্নতিসহ জাতিসংঘ মিশনে যাওয়ার সুযোগ রয়েছে।

৯। **সাধারণ নির্দেশনাবলি ঃ**

ক. কর্তৃপক্ষ সার্বিক অবস্থা বিবেচনায় নিয়োগযোগ্য পদের সংখ্যা/হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।

খ. শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য বিষয়ে প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্যাদি সম্পর্কে তদন্তে কিংবা তদন্ত পরবর্তীকালে কোনো বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে উক্ত প্রার্থীকে প্রশিক্ষণ হতে অব্যাহতি/চাকরিচ্যুত/চাকরি হতে বরখাস্তকরণসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

গ. মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত প্রার্থীদের ক্ষেত্রে তাদের পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহী-এর অনুকূলে দাখিলকৃত প্রমাণক সমূহ যাচাইঅন্তে সঠিক পাওয়া না গেলে তাদের প্রশিক্ষণ হতে অব্যাহতি/চাকরিচ্যুত/চাকরি হতে বারখাস্তকরণসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা কোটায় প্রার্থী কর্তৃক দাখিলকৃত মুক্তিযোদ্ধা সনদ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে একবার জাল প্রমাণিত হলে তা পুনযাচাইয়ের কোনো সুযোগ থাকবে না;

ঘ. চাকরিতে প্রবেশকালীন প্রার্থী কর্তৃক দাখিলকৃত কাগজপত্রাদির(বিভিন্ন সনদ/প্রত্যয়নপত্র)ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম সম্পূন্নের পরে ইস্যুকৃত বা নতুনভাবে অন্য কোন কাগজপত্রাদির ভিত্তিতে কনস্টেবল পদে নিয়োগ প্রদানের কোনো সুযোগ নেই;

ঙ. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত/ভুল তথ্য কিংবা মিথ্যা তথ্য সংবলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে প্রশিক্ষণের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত/নিয়োগকৃত/প্রশিক্ষণরত/চাকরিরত অর্থাৎ যে কোনো পর্যায়ে কোনো প্রার্থী কর্তৃক দাখিলকৃত তথ্য মিথ্যা/ভুল/প্রার্থীর কোনো প্রতারণা প্রমাণিত হলে তাকে নিয়োগের অযোগ্য/বহিষ্কার/চাকরিচ্যুত/বরখাস্তকরণসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

চ. কোন প্রার্থী পুলিশ বাহিনী/অন্য কোন নিয়মিত বাহিনী/যে কোন সরকারী চাকরি হতে বহিস্কৃত/চাকরিচ্যুত/বরখাস্ত হয়ে থাকলে তাকে আবেদনের অযোগ্য মর্মে বিবেচনা করা হবে।

ছ. কোনো কারণ দর্শানো ব্যতিরেখে কর্তৃপক্ষ যে কোনো প্রার্থীর নিয়োগ/আবেদনপত্র বাতিলের অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্তে সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে; এবং

জ. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

২৫/০১/২৪

(জাকির হাসান)
বিপি-৭৪০৬১১৩৯৬৪
পুলিশ সুপার,ফেনী
ফোন-৭৪০০১,ফ্যাক্স-৭৪০৯৫
Email-spfeni@police.gov.bd

স্মারক নম্বর- ২০৯৪ /(আর,ও) তারিখ- ২৫/০১/২০২৪খ্রি.।

অনুলিপি অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হল ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। জেলা প্রশাসক,ফেনী ⟶ সদয় অবগতির জন্য।
২। অতিরিক্ত পুলিশ সুপার(প্রশাসন/সদর সার্কেল/সদর), ফেনী
৩। সহকারী পুলিশ সুপার (সোনাগাজী/ছাগলনাইয়া সার্কেল/ডিএসবি), ফেনী
৪। মেডিকেল অফিসার, পুলিশ হাসপাতাল,ফেনী (ধার্য তারিখ সকাল ০৮.০০ ঘটিকার মধ্যে পুলিশ লাইন্স, ফেনীতে হাজির থাকার জন্য অনুরোধ করা হলো)।
৫। উপজেলা নির্বাহী অফিসার, ফেনী/দাগনভূঁঞা/ফুলগাজী/সোনাগাজী/পরশুরাম/ছাগলনাইয়া থানা } বহুল প্রচার এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য।
৬। জেলা তথ্য অফিসার, ফেনী ⟶ ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হ'ল।
৭। জেলা এ্যাডজুটেন্ট, আনসার ও ভিডিপি, ফেনী।
৮। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ফেনী।
৯। উপজেলা সমাজ সেবা অফিসার, ফেনী/দাগনভূঁঞা/ফুলগাজী/সোনাগাজী/পরশুরাম/ছাগলনাইয়া থানা।
১০। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফেনী।
১১। উপজেলা-মহিলা বিষয়ক কর্মকর্তা, ফেনী/দাগনভূঁঞা/ফুলগাজী/সোনাগাজী/পরশুরাম/ছাগলনাইয়া থানা।
১২। কমান্ডার,বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ফেনী জেলা
১৩। কমান্ডার,বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ,ফেনী/দাগনভূঁঞা/ফুলগাজী/সোনাগাজী/পরশুরাম/ছাগলনাইয়া থানা,ফেনী } বহুল প্রচার এবং মুক্তিযোদ্ধা কোটায় অংশ গ্রহনে ইচ্ছুক প্রার্থীদের বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল কাগজপত্র যথাযথ আনায়ন অবহিত করার জন্য। উল্লেখ্য যে, মুক্তিযোদ্ধার সন্তানদের সন্তানের ১ম শ্রেণীর ম্যাজিষ্ট্রেটের নিকট সম্পাদিত অ্যাফিডেভিট অথবা বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত সাকসেশন সার্টিফিকেট উপস্থাপন করতে হবে।
১৪। সাধারন সম্পাদক, জেলা ক্রিড়া সংস্থা, ফেনী
১৫। আরআই, পুলিশ লাইন্স, ফেনী } ধার্য তারিখ নিয়োগ সংক্রান্ত প্রয়োজনীয় সরঞ্জামাদি প্রস্তুত রাখার জন্য নির্দেশ প্রদান করা হলো।
১৬। প্রধান সহকারী, পুলিশ অফিস, ফেনী। বিজ্ঞপ্তির কপি নোটিশ বোর্ডে টানানোর জন্য বলা হলো।
১৭। অফিস নথি।

২৫/০১/২৪

(জাকির হাসান)
বিপি-৭৪০৬১১৩৯৬৪
পুলিশ সুপার,ফেনী
ফোন-৭৪০০১,ফ্যাক্স-৭৪০৯৫

CamScanner